# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫৭০

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি জানাযায় উপস্থিত হবে তার জন্য প্রতিদান রয়েছে

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «مَنْ شَهِدَ الْجَنَازَةَ حَتَّى يُصَلَّى عَلَيْهَا [ص: 164] فَلَهُ قِيرَاطٌ, وَمَنْ شَهِدَهَا حَتَّى تُدْفَنَ فَلَهُ قِيرَاطَانِ». قِيلَ: وَمَا الْقِيرَاطَانِ? قَالَ: «مِثْلُ الْجَبَلَيْنِ الْعَظِيمَيْنِ». مُتَّفَقٌ عَلَيْهِ
وَلِمُسْلِمٍ: حَتَّى تُوضَعَ فِي اللَّحْدِ
وَلِلْبُخَارِيِّ: مَنْ تَبِعَ جَنَازَةَ مُسْلِمٍ إِيمَانًا وَاحْتِسَابًا, وَكَانَ مَعَهُ حَتَّى يُصَلَّى عَلَيْهَا وَيُفْرَغَ مِنْ دَفْنِهَا فَإِنَّهُ يَرْجِعُ بِقِيرَاطَيْنِ, كُلُّ قِيرَاطٍ مِثْلُ أُحُدٍ

صحيح. رواه البخاري (47) وتمامه: ومن صلى عليها، ثم رجع قبل أن تدفن، فإنه يرجع بقيراط

বাংলা

৫৭০. আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সালাত আদায় করা পর্যন্ত জানাযায় উপস্থিত থাকবে, তার জন্য এক কীরাত, আর যে ব্যক্তি মৃতের দাফন হয়ে যাওয়া পর্যন্ত উপস্থিত থাকবে তার জন্য দু’ কীরাত। জিজ্ঞেস করা হল দু’ কীরাত কী? তিনি বললেন, দু’টি বিশাল পর্বত সমতুল্য (সাওয়াব)। মুসলিমে আছে– “কবরে রাখা পর্যন্ত হাজির থাকল”।

বুখারীতে আবূ হুরাইরা (রাঃ)-এর বর্ণনায় আছে-যে ব্যক্তি ঈমানের সাথে ও পুণ্যের আশায় কোন মুসলিমের জানাযার অনুগমন করে এবং তার সালাত-ই-জানাযা আদায় ও দাফন সম্পন্ন হওয়া পর্যন্ত সঙ্গে থাকে, সে দু’ কীরাত সওয়াব নিয়ে ফিরবে। প্রতিটি কীরাত হল উহুদ পর্বতের মতো।[1]

## English

Abu Hurairah (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said: "Whoever accompanies the funeral (the dead body) until he performs the funeral prayer will have a reward equal to (one Qirat), and whoever accompanies the burial procession, will be doubly awarded (two Qirat)." They then asked, 'What is meant by the two Qirat?' He replied (ﷺ) "Like two huge mountains." Agreed upon. Muslim added the statement, 'until it is buried.'

Al-Bukhari related on the authority of Abu Hurairah, "Whoever accompanies the funeral of a Muslim, seeking the reward only from Allah, the Almighty, and he stays with it until he offers the funeral prayer and the burial is completed, will return back with two Qirat, each Qirat is equal to the mount of Uhud."

ফুটনোট

[1] বুখারী ৪৭, ১২২৪, ১৩২৫, মুসলিম ৯৪৫, তিরমিযী ১০৪০, নাসায়ী ১৯৯৪, ১৯৯৫, ১৯৯৬, আবূ দাউদ ২১৬৮, ইবনু মাজাহ ১৫২৯, আহমাদ ৪৪২৯, ৭১৪৮, বুখারীর বর্ণনায় পূর্ণ হাদীসটি হচ্ছে, ومن صلى عليها، ثم رجع قبل أن تدفن، فإنه يرجع بقيراط আর যে ব্যক্তি শুধু তার জানায আদায় করে, তারপর দাফন সম্পন্ন হবার পূর্বেই চলে আসে, সে এক কীরাত সওয়াব নিয়ে ফিরবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70381

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন